

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৯৪

শান্তিরবাজার, ৮ নভেম্বর, ২০২৩

দু'দিনব্যাপী রাজ্যভিত্তিক ওয়া উৎসব সমাপ্ত

শান্তিরবাজারের তৈকর্ম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে গতকাল দু'দিনব্যাপী রাজ্যভিত্তিক ওয়া উৎসব সমাপ্ত হয়েছে। ২০তম রাজ্যভিত্তিক ওয়া উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। তিনি বলেন, ওয়া উৎসব সৌভ্রাতৃত্ব রক্ষায় ভারতীয় পরম্পরা বহন করেছে। তিনি রাজ্যবাসীর কল্যাণে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়ণের কথা তুলে ধরেন। তিনি আশা প্রকাশ করেন ওয়া উৎসব রাজ্যের শান্তি, সম্প্রীতি ও সৌভ্রাতৃত্ব রক্ষায় আগামী দিনেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সমাপ্তি অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফু মগ, এমডিসি সঞ্জীব রিয়াং প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সভাপতি কংজরী মগ চৌধুরী। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ওয়া উৎসব কমিটির যুগ্ম আহ্বায়ক মংবু মগ। উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। দু'দিনব্যাপী ওয়া উৎসবে রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প জনগণের সামনে তুলে ধরতে ১০টি দপ্তর প্রদর্শনী মন্ডপ খোলে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে দু'দিন মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
